রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ১৩ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১, ২০২১

সূচিপত্র

		পৃষ্ঠা নং
১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	২০৫—২২৩
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	২৬৫—২৮৩
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	১০৯—১১২
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৩৪৫—৩৭২
৭ম	খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম	খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
	ক্রোড়পত্র—সংখ্যা	
	(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
	(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
	(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
	(৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়

শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ পৌষ ১৪২৭/০৪ জানুয়ারি ২০২১

নং **০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৯.০৮**—যেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম (পরিচিতি নং-১৭৪০৩), চার্জ অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা, সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর হিসাবে কর্মকালে ব্যক্তিগত ক্ষোভের বশবর্তী হয়ে প্রয়াত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ইসমাইল হোসেন এর পুত্র দৈনিক মজুরি ভিত্তিতে অস্থায়ীভাবে কর্মরত গাড়িচালক জনাব মোঃ নুর ইসলাম কে চাকুরিচ্যুত করা, নিজে উপস্থিত থেকে কানুনগো ও নৈশপ্রহরীর সাহায্যে গাড়িচালক জনাব মোঃ নুর ইসলাম এর বাসার তালা ভেঙে মালামাল বাইরে রেখে দেওয়াসহ বাস্তুচ্যুত করার কঠোর সিদ্ধান্ত নিজেই নেওয়া, এ ঘটনায় বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ ইসমাইল হোসেন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি এবং মৃত্যুবরণ করার বিষয়টি জেলা প্রশাসক, দিনাজপুরকে সময়মত না জানানোর কারণে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হওয়া, পরবর্তীকালে এ সংক্রান্ত সংবাদ "দৈনিক প্রথম আলো" পত্রিকায় প্রকাশিত হওয়া এবং উক্ত কর্মকান্ডের মাধ্যমে কর্মকর্তাসুলভ আচরণ ও মানবিকতাবোধের পরিচয় দিতে ব্যর্থ হওয়া সংক্রান্ত বিভাগীয় কমিশনার, রংপুর ও জেলা প্রশাসক, দিনাজপুর-এর মতামতের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়; এবং

২। যেহেতু, উক্ত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক ০৯-১২-২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৯-৬৪১ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হলে তিনি ০৬-০১-২০২০ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে ১৬-০২-২০২০ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৩। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা এবং অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব খালিদ মেহেদী হাসান (পরিচিতি নম্বর ১৫৭৫৬), উপসচিব (সিপি-১ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক ২৩-১১-২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করে উক্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন "জনাব মোঃ আরিফুল ইসলাম (পরিচিতি নং-১৭৪০৩), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর বর্তমানে চার্জ অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত এই বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি।"

৫। সেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম (পরিচিতি নং-১৭৪০৩) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে উক্ত বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৮) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হারুন
সচিব।

শৃঙ্খলা-১(১) অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ পৌষ ১৪২৭/২৯ ডিসেম্বর ২০২০

নং **০৫.১৮০.০২৭.০২.০০.০১৩.২০১৯-২৩০**—জনাব ইফতেখারুল ইসলাম খান (পরিচিতি নং-৪০১৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২১-১০-২০০৩ হতে ০৪-০৪-২০০৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নাটোরে কর্মকালে তার বিরুদ্ধে নাটোর সদর উপজেলাধীন ১ নম্বর খাস খতিয়ানভুক্ত ৬০০৪, ৬৯৪৩ ও ৮৫১৭ নং দাগে অবস্থিত ২৭.১৬৯৬ একর আয়তন বিশিষ্ট অর্ধবঙ্গেশ্বরী রাণী ভবানী দীঘিটি (জয়কালি দীঘি) বৈজ্ঞানিক উপায়ে মাছ চাষের জন্য নাটোর আধুনিক মৎস্য চাষ প্রকল্প লিঃ-এর অনুকূলে বন্দোবস্তের নথিতে বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষের প্রকল্প বিবরণী, রেজিস্টার, কো-অপারেটিভ/জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক নিবন্ধনের সনদ না নিয়ে, বন্দোবস্ত চুক্তিপত্রে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেট অনুসরণ না করে বন্দোবস্ত মূল্য যথাযথভাবে নির্ধারণ না করে, অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা, ১৯৯৫ সুষ্ঠু ও দ্রুত বাস্তবায়ন সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের ০৭-০৯-১৯৯৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর ভূ:ম:/শা-৮/খাজব/৪৬/৬৮৬-এ প্রদত্ত নির্দেশনা এবং ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল-এর পরিপন্থী হওয়া সত্ত্বেও বন্দোবস্ত প্রদানে বেআইনীভাবে সহযোগিতা করায় সরকারের ১,২৬,০৯,৫১২/- (এক কোটি ছাব্বিশ লক্ষ নয় হাজার পাঁচশত বার) টাকা রাজস্ব ক্ষতি সাধনের অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হলে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি ২৪-১০-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৪-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তার বক্তব্য ও লিখিত জবাব বিবেচনায় তার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের জন্য মামলা চলার মত পর্যাপ্ত ভিত্তি থাকায় জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সরকার (পরিচিতি নম্বর ৪৮২৩), অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০১-১২-২০২০ তারিখে জনাব ইফতেখারুল ইসলাম খান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, জনাব ইফতেখারুল ইসলাম খান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযুক্ত কর্মকর্তা তার চাকরি জীবনের একেবারে শেষ পর্যায়ে উপনীত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনের বিষয়াদি বিবেচনায় তাকে উক্ত বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' করার লঘুদণ্ড আরোপের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সিদ্ধান্ত প্রদান করেন;

সেহেতু, জনাব ইফতেখারুল ইসলাম খান (পরিচিতি নং-৪০১৯), প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাকে লঘুদণ্ড হিসেবে এক বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে' অর্থাৎ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর দ্বিতীয় গ্রেড (৬৬০০০-৭৬৪৯০ টাকা) এর ৭৬৪৯০ টাকার ধাপ হতে ৬৬০০০ টাকার ধাপে অবনমিত করা হলো। তিনি ভবিষ্যতে এর কোন সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হারুন
সচিব।

শৃঙ্খলা-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ পৌষ ১৪২৭/৩১ ডিসেম্বর ২০২০

নং **০৫.০০.০০০০.১৮২.২৭.০০১.১৫-১১৭০**—যেহেতু, জনাব আরেফিন আখতার নূর (পরিচিতি নম্বর ১৬৭৬৭), প্রাক্তন ভূমি হুকুম দখল কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (বর্তমানে সহকারী পরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা) কক্সবাজার জেলায় কর্মকালীন এল.এ শাখার দায়িত্ব পালনকালে এল.এ. মামলা নম্বর ০২/২০১৩-১৪ এ মহেশখালী উপজেলার মাতারবাড়ি ও ধলঘাটা মৌজার অধিগ্রহণকৃত জমির (অবকাঠামো/ফসল/চিংড়ির) ক্ষতিপূরণের রোয়েদাদে কোন দাগ খতিয়ান উল্লেখ করেননি; তিনি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ এর ৬ ধারার নোটিশ জারির পর যৌথ তদন্ত করে অধিগ্রহণকৃত জমির অবকাঠামো ও তদস্থিত ফসলের ফিল্ডবুক প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণ করেননি; এবং

২। যেহেতু, সিনিয়র মৎস্য কর্মকর্তা, মহেশখালী কর্তৃক ০৮-০৬-২০১৪ তারিখের স্বাক্ষরিত প্রতিবেদনে ৫টি চিংড়ি ঘেরে ১৩৬৫ একর জমি চিংড়ি চাষের জমি হিসেবে উল্লেখ করা হলেও, কোন দাগ খতিয়ান প্রতিবেদনে উল্লেখ না থাকা সত্ত্বেও এবং এ সংক্রান্ত আইন/বিধি অনুযায়ী ফসলের মূল্য বাজার অনুসন্ধান কর্মকর্তার নিকট থেকে সংগ্রহ করার বিধান থাকলেও, রোয়েদাদ প্রস্তুতের সময় জনাব আরেফিন আখতার নূর শুধু মৎস্য কর্মকর্তার প্রতিবেদনের উপর ভিত্তি করে প্রদত্ত একর প্রতি চিংড়ি উৎপাদন ২৮৮.৬৬ কেজি এবং প্রতি কেজির মুল্য ৮০০ টাকা দরে রোয়েদাদ প্রস্তুত করেন; এবং

৩। যেহেতু, জনাব আরেফিন আখতার নূর অধিগ্রহণকৃত মোট ১৪১৪.৬৫ একর জমির (সরকারি ৩৮৬.১০ একর এবং ব্যক্তি মালিকানাধীন ১০২৮.৫৫ একর) ব্যক্তি মালিকানাধীন ১০২৮.৫৫ একর এর স্থলে ১৩৩৫.০০ একর জমি দেখিয়ে অর্থাৎ অতিরিক্ত সরকারি ৩০৬.৪৫ একর জমি অসৎ উদ্দেশ্যে ব্যক্তি মালিকানাধীন দেখিয়ে ক্ষতিপূরণের রোয়েদাদ প্রস্তুত করেছেন; তিনি অধিগ্রহণকৃত জমির মালিকের নামে ক্ষতিপূরণের প্রাক্কলন প্রস্তুত না করে চিংড়ি ঘেরের কথিত ইজারাদারদের নামে প্রাক্কলন প্রস্তুত করে ক্ষতিপূরণ প্রদান করেন; এবং

৪। যেহেতু, জনাব আরেফিন আখতার নূর কক্সবাজার জেলায় এল.এ. মামলা নম্বর ০২/২০১৩-১৪ তে অধিগ্রহণ সংক্রান্ত নির্দেশাবলি, ১৯৯৭ এর ৪৪নং নির্দেশনানুযায়ী ৬ ধারার নোটিশ জারির পরবর্তী ৩০ দিনের মধ্যে অধ্যাদেশের ৮ ও ৯ ধারা এবং ৮ বিধি অনুসারে ফিল্ড বুকের ভিত্তিতে অধিগ্রহণাধীন সম্পত্তি ও তদস্থিত ঘরবাড়ি, গাছপালা ইত্যাদির ক্ষতিপূরণের প্রাক্কলন ও রোয়েদাদ প্রস্তুতির কাজ সম্পন্ন করার বিধান লঙ্ঘন করে কোন যৌথ তদন্ত বা ফিল্ড বুক প্রস্তুত করা ব্যতিরেকে মৎস্য কর্মকর্তার একক পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় প্রায় ৩(তিন) মাস পরে প্রাক্কলন ও রোয়েদাদ প্রস্তুত করেন এবং তিনি উক্ত এল.এ. মামলায় চিংড়ির ক্ষতিপূরণ বাবদ প্রাক্কলিত ৩০,৮২,৮৮,৮৮০/- (ত্রিশ কোটি বিরাশি লক্ষ আটাশি হাজার আটশত আশি) টাকার মধ্যে ২৫টি এল.এ. চেকের মাধ্যমে চিংড়ি ঘেরের কথিত ইজারাদারদের মধ্যে বেআইনী ও অবৈধভাবে ২৩,০০,৯২,৪৬৫.৯৭/- (তেইশ কোটি বিরানব্বই হাজার চারশত পয়ষট্টি টাকা সাতানব্বই পয়সা) টাকা বিতরণক্রমে সরকারের ক্ষতিসাধন করেন; এ সকল অভিযোগে জনাব আরেফিন আখতার নূর-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ বিধির (খ) এবং (ঘ) উপবিধি মোতাবেক "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতি (Corruption)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করে তার নিকট প্রেরণ করা হলে তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং তার আবেদন অনুযায়ী বিগত ২৯ জুলাই ২০২০ খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং ব্যক্তিগত শুনানিঅন্তে কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম (পরিচিতি নম্বর ৬৭২০), উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব আরেফিন আখতার নূর এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী তাকে চাকরি হতে বরখাস্ত বা অন্য যে কোন যথোপযুক্ত গুরুদণ্ড আরোপের জন্য ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; এবং

৬। যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, কক্সবাজার জেলায় অভিযুক্তকে যখন ভূমি হুকম দখল কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হয় সে সময় তার চাকরির বয়স মাত্র ০২ বছর অর্থাৎ তখন অভিযুক্ত একজন নবীন শিক্ষানবীশ কর্মকর্তা ছিলেন; ভূমি ব্যবস্থাপনার বিষয়ে তেমন প্রশিক্ষণ ছিল না; তার চেয়ে জ্যেষ্ঠ কর্মকর্তা এ জেলায় থাকা সত্ত্বেও তাকে ভূমি হুকম দখল কর্মকর্তার দায়িত্ব প্রদান সঠিক হয়নি; তার যেহেতু ভূমি অধিগ্রহণ একটি ধারাবাহিক প্রক্রিয়া এবং তিনি যোগদানের পূর্বেই যৌথ তদন্ত, ফিল্ড বই ও তার ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; প্রাক্কলনে জেলা প্রশাসক হতে শুরু করে সার্ভেয়ার পর্যন্ত সকলে সঠিকভাবে তৈরি হয়েছে মর্মে প্রত্যয়ন দিয়েছেন; অভিযুক্ত সেটির ভিত্তিতে প্রস্তুতকৃত রোয়েদাদ বহিতে স্বাক্ষর করছেন এবং এর ভিত্তিতে ক্ষতিপূরণ গ্রহীতাদের চেক প্রদান করছেন; তদন্ত প্রতিবেদনে যে বিষয়টি উঠে এসেছে সেটি হলো, অভিযুক্ত রোয়েদাদ বহিতে স্বাক্ষর ও চেক প্রদানের সময়ে ভূমি মালিকদের মালিকানা সংক্রান্ত কাগজপত্র যাচাই করেননি; যদি যাচাই করতেন তবে দেখতে পেতেন যে, সেখানে মালিকদের নাম নেই; আছে ইজারাদার বা বর্গাদারদের নাম; এটি একটি বড় ধরনের দায়িত্বহীনতা; একজন কর্মকর্তা ভূমি ব্যবস্থাপনা বিষয়ে পূর্বে কাজ না করলে পর্চাই চেনার কথা নয়; রোয়েদাদ বই কি করে চিনবেন; আবার রোয়েদাদ স্বাক্ষর করার আগে এ বিষয়টি তার নিকট উম্মোচিত হয়নি; তাছাড়া অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব জাফর আলম অপ্রত্যাশিতভাবে অভিযুক্তের চেম্বারে যেয়ে তাকে ভুল বুঝিয়ে স্বাক্ষর করিয়ে নেন; একজন জুনিয়র কর্মকর্তার অফিস কক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত হয়ে সবকিছু ঠিক আছে বলে স্বাক্ষরের জন্য অনুরেরাধ করলে সেটি অস্বীকার করার মতো ব্যক্তিত্ব কয়জন কর্মকর্তার থাকে; তার উপর অভিযুক্ত একজন নবীন কর্মকর্তা এবং এ মামলায় নিম্নলিখিত বিষয়গুলি গুরুত্বপূর্ণ; জেলা প্রশাসক, কক্সবাজারের ১৮-১২-২০১৪ খ্রি. তারিখের ০৫.২০.২২০০.১০৮.০৩.০১০.২০১৪-৬২২ সংখ্যক স্মারকে অভিযুক্ত জনাব আরেফিন আখতার নূর-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের অনুরোধ করা হলে অভিযোগটি মন্ত্রিপরিষদ বিভাগে নিস্পত্তির জন্য প্রেরণ করা হয়; মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৯-০১-২০১৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১১. ২৭.০৩৭.১৪-৩৬ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা দায়েরের অনুরোধ করা হয়; অভিযুক্ত একজন শিক্ষানবিশ কর্মকর্তা এবং তার চাকরি স্থায়ী না হওয়ায় 'বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর ৬(২) বিধি অনুযায়ী 'নিয়োগের অবসান (Termination of Service)' এর জন্য কারণ দর্শাতে বলা হয়; কারণ দর্শানোর নোটিশের জবাব প্রাপ্তির পর ব্যক্তিগত শুনানি গ্রহণ করতঃ জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন কোষের যুগ্মসচিব জনাব আ ন ম কুদরত-ই-খুদা (৪৯৩০) কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে বিগত ২২-০২-২০১৬ খ্রি. তারিখে তার প্রতিবেদনে বলেন যে, চিংড়ি চাষীদের অনুকূলে যথাযথ কাগজপত্রের ভিত্তিতে ক্ষতিপূরণের অর্থ প্রদান করা হয়নি; অভিযোগ প্রমাণিত বলে তিনি মন্তব্য করেন; উক্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযুক্তের চাকরি অবসানের লক্ষ্যে নিয়োগকারী হিসেবে মহামান্য রাষ্ট্রপতির নিকট সারসংক্ষেপ তৎকালীন মাননীয় প্রতিমন্ত্রীর নিকট প্রেরণ করা হলে তিনি ফাইলনোটে ৩১-০৭-২০১৬ খ্রি. তারিখে মন্তব্য করেন যে, 'সার্বিক বিষয়াবলি পর্যালোচনা করে জনাব আরোফিন আখতার নূর একজন শিক্ষানবিশ কর্মকর্তা বিবেচনায় তাকে অভিযোগ হতে অব্যাহতি প্রদানই যুক্তিযুক্ত হতে পারে। অবশ্য কার্যক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য জনাব আরেফিন আখতার নূর-কে পরামর্শ দেয়া যায়'; মাননীয় প্রতিমন্ত্রীর সিদ্ধান্ত মাননীয় মন্ত্রী অনুমোদন করেন; মহামান্য রাষ্ট্রপতির নিকট পুনরায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে মাননীয় প্রতিমন্ত্রী ও মাননীয় মন্ত্রী সারসংক্ষেপে স্বাক্ষর করেননি; কিছুদিন পরে একই বিষয়ে আবার নথি উপস্থাপন করে 'বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর ৬(২) বিধি অনুযায়ী 'নিয়োগের অবসান (Termination of Service)' কার্যক্রম নথিভুক্ত করে বিভাগীয় মামলা দায়েরের জন্য নথি উপস্থাপন করা হলে, ২৬-০২-২০১৭ খ্রি. তারিখে মাননীয় প্রতিমন্ত্রী অভিযুক্তকে অব্যাহতির সিদ্ধান্ত গৃহীত হওয়ায় সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ না করার নির্দেশনা দেন; মাননীয়

মন্ত্রী তাতে সম্মতি দেন; অভিযুক্তকে মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য পুনরায় নথি উপস্থাপিত হলে তৎকালীন সিনিয়র সচিব বিগত ২৫-০১-২০১৮ খ্রি. তারিখে বিভাগীয় মামলা দায়ের যুক্তিযুক্ত বলে মন্তব্য করেন; নতুনভাবে বিভাগীয় মামলা গ্রহণের জন্য নথি উপস্থাপিত হলে বিগত ০২-০৭-২০১৮ খ্রি. তারিখে মাননীয় প্রতিমন্ত্রী ইতঃপূর্বে অব্যাহতির সিদ্ধান্ত দুর্নীতি দমন কমিশনে জানিয়ে দিতে বলেন; মাননীয় মন্ত্রী সেটি অনুমোদন করেন; অব্যাহতির প্রজ্ঞাপন স্বাক্ষরের জন্য উপস্থাপিত হলে অজ্ঞাত কারণে তা স্বাক্ষর হয়নি; পুনরায় নথিটি উপস্থাপন করা হলে সিনিয়র সচিব ইতঃপূর্বের অব্যাহতির বিষয়টি দুর্নীতি দমন কমিশনকে জানিয়ে দেওয়ার জন্য বললে তা বাস্তবায়িত হয়নি; পরবর্তীকালে দুর্নীতি দমন কমিশনের মতামত অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলে এই বিভাগীয় মামলাটি চালু হয়; আরো একটি বিষয় এ মামলায় গুরুত্বপূর্ণ সেটি হলো মূল অভিযুক্ত জনাব জাফর আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কে বিভাগীয় মামলায় ৩ বছরের জন্য পদ অবনমনের সিদ্ধান্ত হয়েছে; উপরের বিষয়গুলি পর্যালোচনায় অভিযুক্তের প্রতি নিম্নলিখিত কারণে গুরুদণ্ড আরোপের পরিবর্তে লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়;

(১) অভিযুক্ত এওয়ার্ড বহিতে স্বাক্ষরের সময় একজন শিক্ষানবিশ কর্মকর্তা ছিলেন; ভূমি ব্যবস্থাপনা বিষয়ক তার কোন প্রশিক্ষণ ছিল না; এ পর্যায়ের একজন কর্মকর্তাকে ভূমি হুকুম দখল কর্মকর্তা পদে দায়িত্ব প্রদান করা সমীচীন হয়নি;

(২) জ্যেষ্ঠ কর্মকর্তা থাকা সত্ত্বেও একজন নবীন শিক্ষানবিশ কর্মকর্তাকে ভূমি হুকুম দখল কর্মকর্তার দায়িত্ব প্রদান উদ্দেশ্য প্রণোদিত বলে প্রতীয়মান;

(৩) যৌথ তদন্ত, প্রাক্কলন তৈরি ইত্যাদি কাজের সাথে তিনি সম্পৃক্ত ছিলেন না; পূর্বের ধারাবাহিকতায় শুধু এওয়ার্ড বহিতে স্বাক্ষর করেছেন এবং তার ভিত্তিতে মালিকের পরিবর্তে কিছু বর্গাচাষীকে ক্ষতিপূরণ দিয়েছেন;

(৪) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাকে এওয়ার্ড বহিতে স্বাক্ষরের জন্য প্রভাবিত করেছেন;

(৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব জাফর আলম মূল অভিযুক্ত। কিন্তু তার শাস্তি ৩ বছরের জন্য শুধু পদ 'অবনমন' হয়েছে;

(৬) ইতঃপূর্বে এ একই বিষয়ে 'বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধমালা, ১৯৮১ এর ৬(২) বিধিমালা অনুযায়ী 'নিয়োগের অবসান (Termination of Service)' মামলা হতে অব্যাহতি প্রদানের জন্য তৎকালীন মাননীয় প্রতিমন্ত্রী ও মাননীয় মন্ত্রী নির্দেশনা দিয়েছিলেন;

(৭) ঘটনা ২০১৪ সালের, কিন্তু সিদ্ধান্তহীনতার কারণে মামলাটি দীর্ঘদিন ঝুলিয়ে রাখা হয়েছে;

(৮) তদন্তকারী কর্মকর্তা রাষ্ট্রপক্ষের কোন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করেননি বরং তিনি মামলা পরিচালনাকারীর সাক্ষীর ভিত্তিতে মামলা প্রমাণিত হয়েছে বলে বলেছেন যা ন্যায় বিচারের পরিপন্থী; এবং

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে বলে প্রতিবেদন দিয়েছেন;

সেহেতু, অভিযুক্ত জনাব আরেফিন আক্তার নূরকে উপর্যুক্ত যুক্তির নিরিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক 'তিরস্কার' শাস্তি প্রদান করে ভবিষ্যতে সতর্কতার সাথে দায়িত্ব পালনের অনুশাসন প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হারুন
সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশ

তারিখ : ০৫ জানুয়ারি ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১১৩/৭৯-০১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ জামাল উদ্দিন, পিতা-মোঃ আক্তার আলী, মাতা-মোছাঃ জহুরা খাতুন, গ্রাম-রান্দিয়া, ডাকঘর-ধীতপুর বাজার, উপজেলা-ভালুকা, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ০৪ নং ধীতপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ পৌষ ১৪২৭/১২ জানুয়ারি ২০২১

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০২.২১.২৩/১৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব মো: মোকাম্মেল হোসেন (পরিচিতি নং-৫৫৫৪)-কে হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর আর্টিকেলস অব এসোসিয়েশনের ৮২ আর্টিকেল অনুযায়ী পরিচালনা পর্ষদের পরিচালক নিয়োগ করত: হিল-এর চেয়ারম্যান নিয়োগ করা হইল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শামীমা নাসরীন
উপসচিব।

[একই নম্বর ও তারিখে জারীকৃত স্মারকের স্থলাভিষিক্ত হবে]

রেলপথ মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৫৪.০০.০০০০.০১৩.০১৪.০৩০.২০২০-৩৬৫**—'পদ্মা সেতু রেল সংযোগ' শীর্ষক প্রকল্পের Resettlement Plan অনুযায়ী ১ম পর্যায়ের জমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন সুবিধা প্রদান করার লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের ১৩-০৪-২০১৭ তারিখের ৫৪.০০.০০০০.০০৬.০১৪.০৫.২০১৭-৫১ নং প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি আংশিক সংশোধন করে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

ক) যৌথ তদন্ত কমিটি (Joint Verification Committee JVC) :

১।	উপপরিচালক/সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ রেলওয়ে	-	আহ্বায়ক
২।	কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৩।	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৪।	এলাকা ব্যবস্থাপক-বাস্তবায়নকারী NGO এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য-সচিব

কর্মপরিধি :

১। পুনর্বাসন কর্মসূচী প্রণয়নকালে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিয়োজিত প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার সহায়তায় আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের তালিকা ও ক্ষতিগ্রস্ত সম্পদের পরিমাণ এবং অধিগ্রহণ আইনের আওতায় যৌথ জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা ও ক্ষতির পরিমাণ যাচাইপূর্বক হালনাগাদ বাজেট প্রণয়ন সহকারে সংশ্লিষ্ট রেকর্ডপত্রে স্বাক্ষরকরণ এবং প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট পেশকরণ;

২। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত রেলওয়ের নিজস্ব বা সরকারি (খাস) জমিতে বসবাসকারী উত্থলীদের (squatters) শনাক্তকরণ, তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরমে স্বাক্ষরকরণ, বাজেট প্রণয়নসহ সকল কাগজপত্র প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট পেশকরণ;

৩। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তাবিত প্রকল্প সীমানায় অবস্থিত রেলওয়ের জমি ইজারা গ্রহণকারীদের শনাক্তকরণ, তাদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ, যৌথ জরিপ ফরমে স্বাক্ষরকরণ, ক্ষতিপূরণ নির্ধারণ এবং বাজেট প্রণয়ণসহ কাগজপত্র প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট পেশকরণ;

৪। পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের উপরোক্ত কার্যাবলীর সাথে সম্পর্কিত সকল কাজ সম্পাদন করা এবং প্রয়োজনীয় ডকুমেন্টস ও প্রতিবেদন যথা নিয়মে প্রকল্প পরিচালক এর নিকট দাখিলকরণ।

খ) **সম্পদ মূল্য সুপারিশ কমিটি (Property Valuation Advisory Committee-PVAC) :**

১।	প্রধান পুনর্বাসন কর্মকর্তা	-	আহ্বায়ক
২।	সিটি কর্পোরেশন মেয়র/উপজেলা পরিষদ চেয়ারম্যান এর প্রতিনিধি	-	সদস্য
৩।	ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	-	সদস্য
৪।	উপ-বিভাগীয় প্রকৌশলী/পিডব্লিউডি (সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি কর্তৃক মনোনীত)	-	সদস্য
৫।	কন্সট্রাকশন সুপারিভশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৬।	উপ-পরিচালক (রিসেটেলমেন্ট)	-	সদস্য-সচিব

কর্মপরিধি :

১। সম্পদের মূল্য বর্তমান বাজার দরে (Replacement Cost) নির্ধারণ;

২। সম্পদের বাজার মূল্য (Replacement Cost) অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের নিকট উপস্থাপন; এবং

৩। পিভিএসি মাঠ পর্যায়ে অনুসন্ধান করে সম্পদের বাজার মূল্য (Replacement Cost) নির্ধারণ করে রেলপথ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য উপস্থাপন।

গ) **অভিযোগ নিরসন কমিটি (Grievances Redress Committee-GRC) :**

ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল/সিটি কর্পোরেশন পর্যায়ে জিআরসি সদস্য :

১।	উপ-পরিচালক/সহকারী পরিচালক/সহকারী প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ রেলওয়ে	-	আহ্বায়ক
২।	কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৩।	স্থানীয় সরকার প্রতিষ্ঠান এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৪।	স্থানীয় সরকার প্রতিষ্ঠান এর মনোনীত মহিলা প্রতিনিধি	-	সদস্য
৫।	ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধি	-	সদস্য
৬।	পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী NGO এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য-সচিব

কর্মপরিধি :

১। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সময়ে স্থানীয় পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি (GRC) প্রাপ্ত সামাজিক ও পুনর্বাসন সংক্রান্ত অভিযোগসমূহ পুনর্মূল্যায়ন ও বিবেচনা করে সমাধান করবে;

২। অভিযোগ নিরসন কমিটিতে উপস্থাপিত যে কোন অভিযোগ সাধারণভাবে প্রথম শুনানীর দিনে নিরসন করতে হবে। জটিল প্রকৃতির অভিযোগসমূহ যেখানে অতিরিক্ত অনুসন্ধান প্রয়োজন তা ৩ (তিন) সপ্তাহের মধ্যে সমাধান করতে হবে;

৩। প্রকল্প বাস্তবায়নের সময় সরাসরি ক্ষতিগ্রস্ত নয় এমন ব্যক্তি এবং প্রকল্প কাজের সময় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের অভিযোগও GRC নিরসন করবে;

৪। GRC ভূমির এওয়ার্ডিদের ও তাদের শরীকদের অংশীদারিত্বের ক্ষতিপূরণ বা প্রাপ্যতার বিষয় বিবেচনা করবে কিন্তু এওয়ার্ডিদের বিধিগত অধিকারের বিষয় পুনর্বিবেচনা করবে না;

৫। সাধারণভাবে জিআরসি এর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হবে, বিশেষ ক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। জিআরসি কর্তৃক যে কোন সিদ্ধান্ত পুনর্বাসন পরিকল্পনা এবং প্রাপ্যতা (Entitlement) এর আওতায় গ্রহণ করতে হবে;

৬। আদালতের বিবেচনাধীন কোন বিষয়ে GRC কোন কার্যক্রম গ্রহণ করবে না; এবং

৭। ন্যূনতম ৩ (তিন) জন্য সদস্যের উপস্থিতিতে সভার কোরাম (Quorum) সম্পন্ন হবে।

ঘ) **প্রজেক্ট পর্যায়ে জিআরসি সদস্য :**

১।	প্রকল্প পরিচালকের মনোনীত প্রতিনিধি, পুনর্বাসন ইউনিট	-	আহ্বায়ক
২।	কন্সট্রাকশন সুপারিভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৩।	সিটি কর্পোরেশন মেয়র/উপজেলা পরিষদ চেয়ারম্যান এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৪।	সিভিল সোসাইটির মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৫।	ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের প্রতিনিধি	-	সদস্য
৬।	টিম লীডার, বাস্তবায়নকারী NGO	-	সদস্য-সচিব

কর্মপরিধি :

১। স্থানীয় পর্যায়ের অভিযোগ নিরসন কমিটি হতে প্রাপ্ত পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পর্কিত অমিমাংসীত অভিযোগসমূহ রিভিউ, বিবেচনা এবং মীমাংসা করবে;

২। প্রকল্প পর্যায়ের GRC এর নিকট উপস্থাপিত যে কোন অভিযোগ প্রাপ্তির তারিখ হতে সাধারণভাবে ২ (দুই) মাসের মধ্যে সমাধান করতে হবে;

৩। জটিল কেসের ক্ষেত্রে, GRC এর সদস্যগণ অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে পারবেন বা মাঠ পর্যায়ে তদন্ত পরিচালনা করবেন;

৪। সাধারণভাবে GRC এর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হবে। অন্যথায় সংখ্যাগরিষ্ট মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;

৫। GRC কর্তৃক যে কোন সিদ্ধান্ত পুনর্বাসন পরিকল্পনা এবং প্রাপ্যতা (Entitlement) এর আওতায় গ্রহণ করতে হবে;

৬। আদালতের বিবেচনাধীন কোন বিষয়ে GRC কোন কার্যক্রম গ্রহণ করবে না; এবং

৭। ন্যূনতম পাঁচজন (৫) সদস্যের উপস্থিতিতে সভার কোরাম (Quorum) সম্পন্ন হবে।

ঙ) **পুনর্বাসন উপদেষ্টা কমিটি (Resettlement Advisory Committee-RAC) :**

১।	বাংলাদেশ রেলওয়ের পুনর্বাসন ইউনিটের প্রতিনিধি (পুনর্বাসন কর্মকর্তা/সহকারী পরিচালক-ফিল্ড)	-	আহ্বায়ক
২।	ইউনিয়ন পরিষদ/মিউনিসিপ্যাল এর পদায়িত মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৩।	স্থানীয় মসজিদ ইমাম পদায়িত মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৪।	স্থানীয় কমিউনিটির পদায়িত স্কুল/কলেজ এর শিক্ষক	-	সদস্য
৫।	স্থানীয় ইউনিয়ন পরিষদের মনোনীত মহিলা প্রতিনিধি	-	সদস্য
৬।	কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য
৭।	এলাকা ব্যবস্থাপক-পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী NGO এর মনোনীত প্রতিনিধি	-	সদস্য-সচিব

কর্মপরিধি :

১। ভূমি অধিগ্রহণ, রি-লোকেশন ও পুনর্বাসন বাস্তবায়নের জন্য জটিল সমস্যাদি নির্ণয়;

২। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য বিশেষ গ্রুপ চিহ্নিত করে তাদের স্বার্থ ও দ্বন্দ্ব নিরসন;

৩। সমস্যা সৃষ্টিকারী দলের সাথে আলোচনা ও তাদের সমস্যা সমাধানের জন্য পুনর্বাসন ইউনিটকে উপদেশ প্রদান;

৪। আরএসি'র কার্যাবলীর ডকুমেন্ট সম্পাদন এবং প্রয়োজনীয় ডকুমেন্টস চেয়ারম্যান অফিস ও বাস্তবায়নকারী (NGO) দপ্তরে সংরক্ষণ; এবং

৫। প্রকল্প পরিচালক এর অবগরিত জন্য আরএএসি এ কার্যাবলীর রিপোর্ট প্রস্তুত করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলী কবীর
উপসচিব।

ভূমি মন্ত্রণালয়

জরিপ অধিশাখা-২

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২১ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৩.১৫৭.১০(অংশ-২).০৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules. 1955)এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জে, এল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম
১	ধর্ম্মদাসপুর	৮৫	৫৪১	পীরগঞ্জ	রংপুর
২	দ্বারিকামারী	৯৬	২৮০	পীরগঞ্জ	রংপুর
৩	পালানু সাহাপুর	১৯১	৩৭১	পীরগঞ্জ	রংপুর
৪	কাজীরপাড়া	২০৬	১৯৬	পীরগঞ্জ	রংপুর
৫	সদরা কুতুবপুর	২২৬	৪৫৫	পীরগঞ্জ	রংপুর
৬	উজিরপুর	২৩৭	৫০৯	পীরগঞ্জ	রংপুর
৭	সাতগড়া	২৪৯	২৮৮	পীরগঞ্জ	রংপুর
৮	চকভেকা	২৮৪	২৫৭	পীরগঞ্জ	রংপুর
৯	সেরপুর	২৯৬	৫৩২	পীরগঞ্জ	রংপুর
১০	বিষ্ণুপুর	৩০১	৩৩৭	পীরগঞ্জ	রংপুর
১১	নিজ কাবিলপুর	৩০৬	৪৩৪	পীরগঞ্জ	রংপুর
১২	তিলকপাড়া	২৬	১০৮০	মিঠাপুকুর	রংপুর
১৩	তরফ গঙ্গারাম	৪৭	২৮৪	মিঠাপুকুর	রংপুর
১৪	চান্দনী চান্দপুর	৯৫	১৮৯	মিঠাপুকুর	রংপুর
১৫	তুলশীপুর	১০০	৪৩৫	মিঠাপুকুর	রংপুর
১৬	নয়ানি ফরিদপুর	১০৩	১৯৫	মিঠাপুকুর	রংপুর
১৭	বালুচর কাশীনাথপুর	১১৮	২০৪	মিঠাপুকুর	রংপুর
১৮	কৃষ্ণপুর	১২২	৩৭৭	মিঠাপুকুর	রংপুর
১৯	খোর্দ্দ শান্তিপুর	১২৬	২৪৯	মিঠাপুকুর	রংপুর
২০	পায়রাবন্ধ হরিহরপুর	১২৭	২৫৮	মিঠাপুকুর	রংপুর
২১	সদরপুর	১৮৬	২৯৮	মিঠাপুকুর	রংপুর
২২	সখিপুর	২৭২	২০০	মিঠাপুকুর	রংপুর
২৩	পোয়াতা	৩০০	১৬১	মিঠাপুকুর	রংপুর
২৪	হাড়োয়া	৪৩	২৭৬০	নিলফামারী সদর	নিলফামারী
২৫	রহমতপুর	৭৫	৮৮৮	কুড়িগ্রাম সদর	কুড়িগ্রাম
২৬	শুখদেব	৩৭	৭৭৬	রাজারহাট	কুড়িগ্রাম
২৭	বাজেমুজরাই উপঞ্চকি	৯৮	৫১০	রাজারহাট	কুড়িগ্রাম
২৮	খোচাবাড়ী	১৯	২২২	ভূরুঙ্গামারী	কুড়িগ্রাম
২৯	হোকাডাঙ্গা	৩০	২০৬৮	উলিপুর	কুড়িগ্রাম
৩০	টিটমা	৪২	৪৫৯	উলিপুর	কুড়িগ্রাম
৩১	কুপতলা	৪	৫০০৮	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩২	বানিয়ারজান	৮৪	৭৭০	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৩	দরিয়াপুর	১০৪	১২০৪	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৪	বারবলদিয়া	১০৭	২৮৩১	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৫	রায়দাসবাড়ী	১১৫	১৭৬	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৬	আনালের ছড়া	১১৬	১৪৮	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৭	গোঘাঠ	১২১	৫৫১	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৮	গোপালপুর	১৩২	২২	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৩৯	কাচিচর	১৩৩	১৮১	গাইবান্ধা সদর	গাইবান্ধা
৪০	মাইজবাড়ী	১৩৫	২২৩	গাইবান্ধা সদর	গাইবান্ধা

তারিখ : ২২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৩.০০৬.১৭.০৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules. 1955)এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জে এল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম
১	গোপিকান্তপুর	৮১	১৮১	ঠাকুরগাঁও সদর	ঠাকুরগাঁও
২	খামার ভোপলা	৯২	২৩১	ঠাকুরগাঁও সদর	ঠাকুরগাঁও
৩	আরাজী রায়ভাগ	১০	২৮১	হাকিমপুর	দিনাজপুর
৪	পলশা	৪৭	১৬৫	হাকিমপুর	দিনাজপুর
৫	নিখিরা	৬৭	২৭১	হাকিমপুর	দিনাজপুর
৬	মোকামদহ	৪৪	১৪৭	হাকিমপুর	দিনাজপুর
৭	গুমড়া	৪৫	১২৫	হাকিমপুর	দিনাজপুর
৮	ঝাপড়	৫৭	২০১	হাকিমপুর	দিনাজপুর
৯	শির্না	৭৬	২৮১	নবাবগঞ্জ	দিনাজপুর
১০	মহিষ বাথান	০৬	২০৯	নবাবগঞ্জ	দিনাজপুর
১১	বাঘাডুবি ভবানীপুর	২৯	২৬৭	নবাবগঞ্জ	দিনাজপুর
১২	সৈয়দপুর	২২	৪৬৬	পার্বতীপুর	দিনাজপুর
১৩	রাঘবপুর	১৪৮	০৩	পার্বতীপুর	দিনাজপুর
১৪	বড় রামচন্দ্রপুর	৬৯	৩০৬	পার্বতীপুর	দিনাজপুর
১৫	নিজ চতুর	১১	১৯৮	পার্বতীপুর	দিনাজপুর
১৬	চক কৃষ্ণপুর	২৮	১৯৬	পার্বতীপুর	দিনাজপুর
১৭	চক জয়দেবপুর	১০	২৯৬	পার্বতীপুর	দিনাজপুর
১৮	পালিকাপুর	৭১	২১৪	পার্বতীপুর	দিনাজপুর
১৯	গণপৈত	০৬	২৭১	বীরগঞ্জ	দিনাজপুর
২০	গোবিন্দপাড়া	০৮	৩৮৯	বীরগঞ্জ	দিনাজপুর
২১	মদনসাঁকো	১৪	৩৬৩	বীরগঞ্জ	দিনাজপুর
২২	ডালাগ্রাম	৩৩	৮১	বীরগঞ্জ	দিনাজপুর
২৩	চকউজিরা	১০৪	১৩১	বীরগঞ্জ	দিনাজপুর
২৪	সিমইলবাড়ী	১০৭	৮৯	বীরগঞ্জ	দিনাজপুর
২৫	কুতলপুর	১৩৩	১৮৪	বীরগঞ্জ	দিনাজপুর
২৬	কাটানহারী	১৯	১৪৯	দেবীগঞ্জ	পঞ্চগড়
২৭	দেবীদাসী দন্ডপাল	৬২	২০৭	দেবীগঞ্জ	পঞ্চগড়
২৮	উপঞ্চৌকী ভাজনী	০৫	২৫৬	দেবীগঞ্জ	পঞ্চগড়
২৯	মোসলেম পাইকান	৬৮	১১০	দেবীগঞ্জ	পঞ্চগড়

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).০৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules. 1955)এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জে.এল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম	মন্তব্য
১	বয়ারসিঙ্গা	১০৫	২৪২৩	ডুমুরিয়া	খুলনা	
২	খোরের আবাদ	১০৮	৩১৪	ডুমুরিয়া	খুলনা	
৩	খুটাখালী	১৬৬	৫২	ডুমুরিয়া	খুলনা	
৪	ফুলবাড়ীয়া	১৪৫	২০৩	পাইকগাছা	খুলনা	
৫	বয়ারঝাপা	১৫৬	৪৫৭	পাইকগাছা	খুলনা	
৬	পানখালী	৪	৪০৫০	দাকোপ	খুলনা	
৭	লক্ষ্মীখোলা	২	১১৩১	দাকোপ	খুলনা	
৮	তিলডাঙ্গা	৭	৫৭৫	দাকোপ	খুলনা	
৯	নাসুখালী	২৩	৬৯	মোল্লাহাট	বাগেরহাট	
১০	চক্ খারইখালি	৮	২১৮৬	মোড়েলগঞ্জ	বাগেরহাট	

ক্রম	মৌজার নাম	জে.এল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম	মন্তব্য
১১	কিস্মত জামুয়া	৮৪	৪২৯	মোড়েলগঞ্জ	বাগেরহাট	
১২	খালকুলিয়া	৩০	৪৯৪	মোড়েলগঞ্জ	বাগেরহাট	
১৩	উত্তর ফুলহাতা	১০১	১৭৭৯	মোড়েলগঞ্জ	বাগেরহাট	
১৪	গজালিয়া	১২	১২৮৩	মোড়েলগঞ্জ	বাগেরহাট	
১৫	ব্রহ্মশাসন	১৯	৩৩১	শ্যামনগর	সাতক্ষীরা	
১৬	ডুমুরিয়া	১২৬	১০৫৮	শ্যামনগর	সাতক্ষীরা	
১৭	কালিকাপুর (বড়)	২৪৩	২৭০৬	কালিগঞ্জ	সাতক্ষীরা	
১৮	নিজদেবপুর	১৬১	৯২৪	কালিগঞ্জ	সাতক্ষীরা	মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫৬৮/ ১৪ ও ২৫৬৯/১৪ নং রীট মামলা দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ৪০৯ ও ৫৪৬নং খাতিয়ান ব্যতিত।

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).১০**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules. 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেলএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম
১	খাসগাজীপুর	৪২	৩২৯	ভেদরগঞ্জ	শরীয়তপুর
২	উত্তর মাথাভাঙ্গা	৭২	৫৮৩	ভেদরগঞ্জ	শরীয়তপুর
৩	কুচাইপট্টি	৮২	৪৭০	গোসাইরহাট	শরীয়তপুর

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.১০৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules. 1955)এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জে.এল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলার নাম	জেলার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১	মশাখলা	৫৮	৩৭০	বালাগঞ্জ	সিলেট	
২	ধিরারাই বড়	৯০	১২৫৯	বালাগঞ্জ	সিলেট	
৩	কাউয়ারাই	৯৬	২৮০	বালাগঞ্জ	সিলেট	
৪	দিগর বেড়কুড়ি	১৩৬	৭৬৯	বালাগঞ্জ	সিলেট	মহামান্য হাইকোর্ট এর ৭৪৪৪/ ১৬নং রিট মামলা থাকায় ১/৫/ ৬নং খতিয়ান ব্যতীত।
৫	রাঙ্গাপুর	১৬৩	২৬৯	বালাগঞ্জ	সিলেট	
৬	বড়বন্দ ৪র্থ খণ্ড	৬	৯৮১	কানাইরঘাট	সিলেট	
৭	মহেশপুরের খলা	২৮	৫৪০	কানাইরঘাট	সিলেট	
৮	পত্র নবিশেরমাটী	১৬৯	৩৩	কানাইরঘাট	সিলেট	
৯	বগাইয়া	৮	৩৪৭	গোয়াইনঘাট	সিলেট	মহামান্য হাইকোর্ট এর ১০৯২৩/ ১৬, ১০৯২৪/১৬নং রিট মামলা থাকায় ১৩৩ ও ২১৬নং খতিয়ান ব্যতীত।
১০	গোয়াইন	১২১	৬২৩	গোয়াইনঘাট	সিলেট	
১১	খাগড়া হাওর ২য় খণ্ড	২৬২	২০৪	গোয়াইনঘাট	সিলেট	মহামান্য হাইকোর্ট এর ১৭/১৪নং রিট মামলা থাকায় ১০, ৬৯, ১০০, ১০১, ১১৫, ১২৮ ও ১৩৩নং খতিয়ান ব্যতীত।
১২	পারকুল উত্তর	৫৭	১৩৫৭	কোম্পানীগঞ্জ	সিলেট	
১৩	পুর্ণা ছগাম	৬৯	৯৯৭	কোম্পানীগঞ্জ	সিলেট	
১৪	জৈন্তাপুর নিজপাট	১৮	৮০০	জৈন্তাপুর	সিলেট	মহামান্য হাইকোর্ট এর ৯৩৩৭/ ১০নং রিট মামলা থাকায় ১৪৪নং খতিয়ান ব্যতীত।
১৫	নুরনগর	১	৪৮০	জকিগঞ্জ	সিলেট	
১৬	পুরুষপাল	২০	৩০৪	জকিগঞ্জ	সিলেট	
১৭	বিপক	৩০	১৪৭২	জকিগঞ্জ	সিলেট	
১৮	গদাধর	৩৬	৪৫২	জকিগঞ্জ	সিলেট	
১৯	কেশরকাপন	৩৭	২৮৭	জকিগঞ্জ	সিলেট	
২০	জারইলতলা	৪৩	২৬৬	জকিগঞ্জ	সিলেট	

১	২	৩	৪	৫	৬	৭
২১	মজ্জালসার	৫৬	১৮৬	জকিগঞ্জ	সিলেট	
২২	এওলাসার	৬৬	১২১৩	জকিগঞ্জ	সিলেট	
২৩	খলাদাপনিয়া	৮৭	১৩০৫	জকিগঞ্জ	সিলেট	
২৪	দরিয়াপুর	১০৭	১২১১	জকিগঞ্জ	সিলেট	
২৫	গয়াসপুর উত্তর	১১	৬১৭	গোলাপগঞ্জ	সিলেট	
২৬	ছত্তিশ	১৩	৫৫৮	গোলাপগঞ্জ	সিলেট	
২৭	মাইজভাগ	৩৭	১৭৪৫	গোলাপগঞ্জ	সিলেট	
২৮	জগঝাপ	৪৮	৪২৩	গোলাপগঞ্জ	সিলেট	
২৯	খুমিয়া	৭৭	১১৩১	গোলাপগঞ্জ	সিলেট	
৩০	মাসউরা	৮৩	১০০৪	গোলাপগঞ্জ	সিলেট	
৩১	ছিলিমপুর	৮৪	৮২১	গোলাপগঞ্জ	সিলেট	
৩২	কেওটকোনা	৮৬	৩৭১	গোলাপগঞ্জ	সিলেট	
৩৩	বাদেপাশা	৯১	৬২৬	গোলাপগঞ্জ	সিলেট	
৩৪	ইসলামপুর	২	১০১৭	সিলেট সদর	সিলেট	
৩৫	সৈয়দপুর	১৮	৪১৬	সিলেট সদর	সিলেট	
৩৬	ঘুপাল দক্ষিণ	৩০	২৬৬	সিলেট সদর	সিলেট	
৩৭	মেদিনী মহল	৩৪	১২৯৫	সিলেট সদর	সিলেট	
৩৮	কেওয়াছড়া টি গার্ডেন	৪৬	৬৪৯	সিলেট সদর	সিলেট	
৩৯	পীরেরগাঁও	৫১	৮২৫	সিলেট সদর	সিলেট	
৪০	আলমপুর	১২	২০৯	দক্ষিণ সুরমা	সিলেট	
৪১	পালপুর পূর্ব্ব	১৫	২৭০	দক্ষিণ সুরমা	সিলেট	
৪২	রুগনপুর	১৬	৪৭১	দক্ষিণ সুরমা	সিলেট	
৪৩	পশ্চিমভাগ	১৮	১১৮০	দক্ষিণ সুরমা	সিলেট	
৪৪	লতিবপুর	৩১	৩৩০	দক্ষিণ সুরমা	সিলেট	
৪৫	লক্ষ্মীপুর	৩৩	৮৫১	দক্ষিণ সুরমা	সিলেট	
৪৬	তুরুকখলা	৮৪	১১১২	দক্ষিণ সুরমা	সিলেট	
৪৭	ব্রাহ্মণগাঁও	১	৮১৫	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার	মহামান্য হাইকোর্ট এর ৬১৯৯/১৫ ও ৩১৮০/১৬নং রিট মামলা থাকায় ২১৫ ও ৮২৭নং খতিয়ান ব্যতীত।
৪৮	বাসুধেবশ্রী	৪১	৭৯১	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার	
৪৯	হুসেনপুর	১৫৪	৪৯৭	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার	
৫০	বড়খোলা ১ম খণ্ড	১০৬	৩১১	বড়লেখা	মৌলভীবাজার	
৫১	গোবিন্দপুর	৭০	৯০৬	কমলগঞ্জ	মৌলভীবাজার	
৫২	দুঘর	৯২	২৫২০	কমলগঞ্জ	মৌলভীবাজার	
৫৩	আহাম্মদপুর	৪৯	৪১৯	ধর্মপাশা	সুনামগঞ্জ	
৫৪	দয়াদুপনি	১৬	৬৩৯	দিরাই	সুনামগঞ্জ	
৫৫	দোয়াজ	৯৫	৭৩৩	দিরাই	সুনামগঞ্জ	
৫৬	মাটিয়ানী হাওর	৪৫	২৩৪০	তাহিরপুর	সুনামগঞ্জ	
৫৭	জামালগড়	১১৪	১২৬৮	তাহিরপুর	সুনামগঞ্জ	
৫৮	তাহেরপুর	১১৫	১৬৪২	তাহিরপুর	সুনামগঞ্জ	
